গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
নড়াইল।
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২.৬৫০০.০০০.২৬.০০৩.১৮-১৮৮৮

তারিখঃ ২৫-১১-২০১৮ ইং।

"পুরাতন অকেজো/ব্যবহার অনুপযোগী নির্মান যন্ত্রপাতি/রেজিষ্ট্রেশনবিহীন যানবাহন/স্ক্র্যাপ মালামাল নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি নং -০১/২০১৮-২০১৯ ইং।

"স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায়, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,এলজিইডি, নড়াইল জেলার যান্ত্রিক শাখার নিম্নবর্ণিত"পুরাতন অকেজো/ব্যবহার অনুপযোগী নির্মান যন্ত্রপাতি/ রেজিষ্ট্রেশনবিহীন যানবাহন/স্ক্র্যাপ মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রকৃত নিলাম গ্রহনকারী প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী মোতাবেক নিজস্ব প্যাডে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী ঃ

১। পুরাতন অকেজো/ব্যবহার অনুপযোগী নির্মান যন্ত্রপাতি/রেজিষ্ট্রেশনবিহীন যানবাহন/স্ক্র্যাপ মালামালগুলি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের সাথে যোগাযোগ করে আগ্রহী নিলাম গ্রহনকারী পরিদর্শন করতে পারবেন।

২। আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণ কর্তৃক নিলাম দাখিলের পূর্বেই পুরাতন অকেজো/ব্যবহার অনুপযোগী নির্মান যন্ত্রপাতি/যানবাহন/স্ক্র্যাপ মালামালগুলী সরেজমিনে পরিদর্শন করে দর দাখিল করতে হবে। নিলাম দাখিলের পর এতদসংক্রান্ত কোন প্রকার ওজর আপত্তি সরাসরি অগ্রাহ্য বলে বিবেচিত হবে। নিলামের দরপত্রের কার্যকারিতা (Validity) নিলাম দাখিলের পর হতে ৬০(ষাট) দিন পর্যন্ত বহাল থাকবে।

৩। নিলাম দরপত্র আগামী ২৩-১২-২০১৮ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সিডিউল মূল্য নগদ ৫০০.০০ টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে জেলা প্রশাসক, নড়াইল;পুলিশ সুপার,নড়াইল ;উপজেলা প্রকৌশলীর দপ্তর, সদর, নড়াইল এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর,খুলনা অঞ্চল,খুলনা;নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,এলজিইডি,খুলনা ও নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে ক্রয় ও সংগ্রহ করা যাবে।

৪। নিলাম সমূহ আগামী ২৪-১২-২০১৮ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক,নড়াইল;পুলিশ সুপার ,নড়াইল;উপজেলা প্রকৌশলীর দপ্তর, সদর,নড়াইল এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর,খুলনা অঞ্চল,খুলনা;নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,এলজিইডি,খুলনা ও নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে জমা দেওয়া যাবে এবং একই দিন বেলা ৩.০০ ঘটিকার সময় নিলাম দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে খোলা হবে।

৫। নিলাম দরপত্রের সাথে বায়নার টাকা হিসাবে মোট উদ্বৃতমূল্যের ৩০% (শতকরা) টাকা হারে যে কোন তফসিলভুক্ত বানিজ্যিক ব্যাংক হতে নির্বাহী প্রকৌশলী ,এলজিইডি, নড়াইল এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলামের দরপত্রের সাথে সংযুক্ত থাকতে হবে। অন্যথায় তার নিলাম দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। নিলাম দাতাকে সিডিউলের উদ্বৃত্ত মূল্যের নির্দিষ্ট স্থানে অংকে এবং কথায় দর উল্লেখ করতে হবে। উল্লেখিত দরের কোন প্রকার কাটাকাটি করলে অনুস্বাক্ষর থাকতে হবে এবং ৩০০ টাকার ননজুডিশিয়া ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। কথায় ও অংকে দর লেখার ক্ষেত্রে কথায় লেখাটি গ্রহনযোগ্য হবে।

৭। কৃতকার্য নিলাম দাতাকে কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে এককালীন নিলামকৃত সমুদয় মূল্য এবং সরকারী বিধি-বিধান মোতাবেক প্রযোজ্য হারে আয়কর ও ভ্যাট পরিশোধ করে নিজ খরচে সমুদয় মালামাল অপসারণ/গ্রহন করতে হবে।

৮। নিলামে অংশগ্রহনকারী আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তির অনুকুলে তাদের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।

৯। নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগন/প্রতিষ্ঠান বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিস চলাকালনি সময় পর্যন্ত যোগাযোগ করতে পারবেন।

১০। নির্ধারীত তারিখ ও সময়ের পরে কোন নিলাম দরপত্র ক্রয়,বিক্রয় / গ্রহন করা যাবে না।

১১। দরপত্রের সকল শর্ত পূরণকারী সর্বোচ্চ দরদাতা বিজয়ী হিসাবে গণ্য হবেন।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

২৫/১১/১৮

(বিধান চন্দ্র সোমদ্দার)
নির্বাহী প্রকৌশলী
ফোন এবং ফ্যাক্স নং ঃ ০৪৮১-৬২৩৩১
ই-মেইল ঃ xen.narail@lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.৬৫০০.০০০.২৬.০০৩.১৮-১৮৮৮/ ১(১৫)

তারিখঃ ২৫-১১-২০১৮ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হল ঃ-

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল জেলা।
৬। পুলিশ সুপার,জেলাঃ নড়াইল।
৭। নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক),স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৮। নির্বাহী প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,খুলনা।
৯। নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
১০। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী , এলজিইডি, নড়াইল।
১১। জনাব/মেসার্স.......................................................................................................
১২। বিজ্ঞাপন ম্যানেজার,সংবাদ প্রতিদিন,৪০ কামাল আতাতুর্ক এভিনিউ,বুলু ওশেন টাওয়ার(১০ম তলা),বনানী,ঢাকা/দি ফিনান্সিয়াল এক্সপ্রেস,৪৫ তোপখানা রোড,ঢাকা-১০০০/ দৈনিক ওশান,রূপগঞ্জ বাজার,নড়াইল।ভিতরের পাতায় স্বল্প পরিসরে ৩কলাম x ৭" ইঞ্চি আকারে ৩০-১১-১৮ ইং তারিখের মধ্যে একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩। স্থানীয় অফিস নোটিশ বোর্ড।

২৫/১১/১৮

(বিধান চন্দ্র সোমদ্দার)
নির্বাহী প্রকৌশলী